# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 JUNE 2025** **7:45—7:55 PM IST**

===========================================================

(১) ও এন জি সি'র ১৪৭ নম্বর রীগ'এর গ্যাস নির্গমনের চাপ ৫০ শতাংশ হ্রাস/ জনসাধারণকে ঘরোয়া উনুন জ্বালানোর বিষয়ে সবুজ সংকেত/

(২) সাংসদ গৌরব গগৈর উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের থেকে কাটিহার এবং আলীপুর দুয়ার মণ্ডলকে পৃথক করে এন এফ রেলওয়েকে পুর্নগঠন করার পক্ষে অভিমত /

(৩) কাছাড় জেলার ডলু চাবাগানে প্রস্তাবিত গ্রীনফিল্ড বিমানবন্দর স্থাপনের বিষয়ে আজ আয়োজিত গণ-শুনানিতে ৯৫ শতাংশের এই বিমানবন্দর নির্মাণের পক্ষে মত প্রকাশ/

এবং

(৪) অম্বুবাচী মহাযোগের আজ দ্বিতীয় দিনেও শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে উৎসবমুখর পরিবেশ/

---

তেল এবং প্রাকৃতিক গ্যাস নিগম ( ও এন জি সি )'র শিবসাগর ভাটিয়াপারের রীগে আন্তর্জাতিক কূপ নিয়ন্ত্রণ বিশেষজ্ঞের সহযোগিতায় অব্যাহত থাকা অভিযানে উল্লেখযোগ্য অগ্রগতি লাভ করেছে ।গ্যাস নির্গমনের চাপ বর্তমানে ৫০ শতাংশ হ্রাস পেয়েছে ।মন্ত্রী যোগেন মোহন আজ বিকেলে ঘটনাস্থল পরিদর্শন করে সাংবাদিকদের একথা জানান ।ও এন জি সির সংকট ব্যবস্থাপনা দল এবং বিশেষজ্ঞ দলটি প্রায় ১০ ট্রেলর রীগের সামগ্রী ইতিমধ্যে সফলভাবে স্থানান্তরিত করেছে ।ঘটনাস্থল থেকে রীগের অধিকাংশ সামগ্রী সরিয়ে নিয়ে কূপটি ইতিমধ্যে কেপিং করার জন্য প্রস্তুত করে তোলা হয়েছে ।

এদিকে, ওএনজিসি পক্ষ থেকে জনসাধারণকে আজ থেকে ঘরোয়া উনুন জ্বালানোর জন্য সবুজ সংকেত দেওয়া হয়েছে।

-------------------------------------------------------------------------------

সাংসদ গৌরব গগৈ উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের থেকে কাটিহার এবং আলিপুর দুয়ার মন্ডলকে পৃথক করে উত্তর পূর্বাঞ্চলের ভৌগলিক সীমারেখার মধ্যে এন এফ রেলওয়েকে পুর্নগঠন করার পক্ষে মত প্রকাশ করেছেন । আজ কোকরাঝাড়ে আসাম রেলযাত্রী সংস্থার বি টি আর শাখার এক প্রতিনিধি দল তাঁর সঙ্গে সাক্ষাৎ করলে শ্রী গগৈ এই মত প্রকাশ করেন । তিনি বলেন যে- রেল সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে তিনি অচিরেই রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের সঙ্গে সাক্ষাৎ করবেন । এবং রেলযাত্রীদের কয়েকটি দীর্ঘদিনের দাবি সম্পর্কে রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবেন । তিনি বলেন যে- নতুন দিল্লিতে তিনি রেলবোর্ডের অধ্যক্ষের সঙ্গেও বৈঠকে মিলিত হবেন ।

রেলযাত্রী সংস্থার প্রতিনিধি দলটি সাংসদ গৌরব গগৈকে প্রদান করা স্মারকপত্রে কোকরাঝাড়ে রাজধানী এক্সপ্রেস সহ বেশকয়েকটি গুরুত্বপূর্ণ ট্রেন দাঁড় করানোর ব্যবস্থা করা, আলিপুর দুয়ার এবং কামাখ্যা, নিউ তিনসুকিয়া এবং ধুবড়ির মধ্যে ইন্টারসিটি এক্সপ্রেস ট্রেনটি পুনরায় চালু করা, পদাতিক এক্সপ্রেস, তিস্তা-তোর্সা এক্সপ্রেস এবং পার্বত্য এক্সপ্রেসকে নিউ বঙ্গাইগাঁও অথবা রঙিয়া পর্যন্ত সম্প্রসারিত করা, আসামে ই এম ইউ এবং এম ই এম ইউ শ্রেণীর লোক্যাল ট্রেন চালু করার ক্ষেত্রে রেল মন্ত্রণালয়ের উপর চাপ সৃষ্টি করতে লোকসভার বিরোধী উপ-দলপতি শ্রী গগৈকে অনুরোধ জানিয়েছে ।

-------------------------------------------------------------------------------

কাছাড় জেলার ডলু চা বাগানে প্রস্তাবিত গ্রীণফিল্ড বিমানবন্দর স্থাপন করার জন্য কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আজ হাতিছড়া চাবাগানে এক গণ শুনানি অনুষ্ঠিত হয় ।মুলতঃ প্রদূষণ নিয়ন্ত্রণ পর্ষদের পরিচালনায় এই গণ শুনানি অনুষ্ঠিত হয় । গণ শুনানিতে জেলা আয়ুক্ত মৃদুল যাদব , পুলিশ সুপার নোমাল মাহাত্ত এবং প্রদূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সদস্য সম্পাদক গকুল ভূঁইয়া অংশগ্রহণ করেন। পরে সাংবাদিদের সঙ্গে কথাবার্তায় জেলা আয়ুক্ত শ্রী যাদব জানান যে এই শুনানিতে প্রায় ৮০০ জন লোক অংশগ্রহণ করেছেন ১৫১ টি স্মারকলিপি জমা পড়েছে এবং ৫০ টি সংগঠনের প্রতিনিধিত্ব করা ৩২ জন ব্যাক্তি তাদের মতামত তুলে ধরেন ।এরমধ্যে ২৫ জন গ্রিণফিল্ড বিমানবন্দর নির্মাণের পক্ষে মত দেন বলে তিনি জানান ।জেলা আয়ুক্ত জানান যে এর পূর্বে ১৫১ টি স্মারকলিপি জমা পড়েছে এর মধ্যে ১৪৫ টি বিমানবন্দর

নির্মাণের পক্ষে জমা পড়েছে ।অর্থাৎ ৯৫ শতাংশ গ্রিণফিল্ড বিমানবন্দর নির্মাণের পক্ষে রয়েছে বলে তিনি জানান ।তিনি আরও বলেন ----------

বাইট

-----------------------------------------------------------------------------------

আসাম দক্ষতা বিকাশ অভিযানের অর্ন্তগত উত্তর-পূর্ব দক্ষতা কেন্দ্র তপশিলী জাতির যুবক যুবতীদের জন্য একটি বিনামূল্যে বৃত্তিমূলক প্রশিক্ষণ পাঠ্যক্রমের ব্যবস্থা করেছে । আসাম দক্ষতা বিশ্ববিদ্যালয়ের আওতাধীন এবছরের এই প্রশিক্ষণ কার্যসূচীর জন্য আবেদনের অন্তিম তারিখ আগামী ৩১শে জুলাই ধার্য করা হয়েছে। এখানে ভর্তির ক্ষেত্রে প্রথমে আসা লোকেদের প্রথমে ভর্তির সুবিধা দেওয়া হবে । প্রার্থীদের যেকোনো শাখায় দ্বাদশ শ্রেণী পাশ হতে হবে এবং তাদের বয়স ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে । বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যসূচীতে সৌন্দর্য ও স্বাস্থ্য, খুচরা বিক্রি সেবা, খাদ্য ও পানীয় সেবা, গৃহ ব্যবস্থাপনা ইত্যাদি ক্ষেত্রে প্রশিক্ষণ দেওয়া হবে । সিঙ্গাপুরের একটি বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সহযোগিতায় প্রস্তুত করা এই পাঠ্যক্রম সম্পূর্ণ করার পর প্রশিক্ষণপ্রাপ্তদের আর্ন্তজাতিক পর্যায়ে নিয়োগের জন্য যাবতীয় সুবিধা দেওয়া হবে বলে উত্তর-পূর্ব দক্ষতা কেন্দ্র জানিয়েছে । আগামী পয়লা আগস্ট থেকে এই প্রশিক্ষণ কার্যসূচী আরম্ভ হবে । এতে প্রশিক্ষার্থীদের জন্য বিনামূল্যে থাকা-খাওয়ার সুবিধা থাকবে । অধিক তথ্যের জন্য ইচ্ছুক ব্যক্তিদের ৮০১১৮৮২০৫২ অথবা ৮০১১৬৬৫৫২৪ নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

অম্বুবাচী মহাযোগের আজ দ্বিতীয় দিনে গুয়াহাটির নীলাচল পাহাড়ে অবস্থিত শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে । আজ দুপুরে হালকা বৃষ্টিপাত হলেও মন্দিরে ভক্ত সমাগমের অভাব হয়নি । দেশি-বিদেশি হাজার হাজার ভক্তের উপস্থিতিতে মন্দির চত্বরের সর্বত্র আধ্যাত্মিক পরিবেশ বিরাজ করছে । প্রবৃত্তির পর মন্দিরের দ্বার বন্ধ হওয়ার সঙ্গে সঙ্গে তান্ত্রিক সাধনমার্গে বিশ্বাসী বহু সাধু সন্ন্যাসী সেখানে ধ্যানে মগ্ন রয়েছেন ।

অম্বুবাচী মহাযোগ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কামরূপ মহানগর জেলা প্রশাসন, পুলিশ এবং কামাখ্যা মন্দির কর্তৃপক্ষ সব ব্যবস্থা গ্রহণ করেছে । গুয়াহাটি মহানগরীর পুলিশ কমিশনার এবং কামরূপ মহানগর জেলার উপাযুক্ত সহ পুলিশ প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকরা মন্দির চত্বরে পরিস্থিতি তদারকির দায়িত্বে রয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেল কামাখ্যা মন্দিরে অম্বুবাচী মেলায় অংশগ্রহনকারী তীর্থ যাত্রীদের জন্য সুগম ও আরামদায়ক ভ্রমন নিশ্চিত করার জন্য বেশ কিছু ব্যবস্থা গ্রহন করেছে । সীমান্ত রেল কামাখ্যা এবং গুয়াহাটী স্টেশনে বিশেষ টিকিট কাউন্টার স্থাপন করেছে । তীর্থ যাত্রীদের দ্রুত এবং ঝামেলামুক্ত টিকিট কাটার সুবিধার্থে এই অতিরিক্ত কাউন্টারগুলি ২৪ ঘন্টা চালু রয়েছে । এছাড়াও সীমান্ত রেলের ওমেন ওয়েলফেয়ার অর্গেনাইজেশন-এর পক্ষ থেকে কামাখ্য স্টেশনে খাদ্য ও পানীয় জল বিতরন করা হচ্ছে । এদিকে  সীমান্ত রেল অতিরিক্ত যাত্রী ভীড় সামাল দিতে দুই জোড়া বিশেষ অসংরক্ষিত ট্রেন চালাচ্ছে । এগুলি হচ্ছে গুয়াহাটী-আলিপুরদুয়ার এবং গুয়াহাটী -নিউ জলপাইগুড়ি বিশেষ যাত্রী ট্রেন ।

--------------------------------------------------------------------------------

লামডিং-বদরপুর পাহাড় লাইনে নিউ হাফলঙ-জাটিঙ্গা লামপুর রেলপথে জাতীয় সড়ক কর্তৃপক্ষের সড়ক তৈরির সময়ে বড় বড় পাথর এবং মাটির চাই ঐ ট্র্যাকের উপর পড়ে যাওয়ায় ঐ সেকশনে আজ বিকেল থেকে এই রেলপথে ট্রেন চলাচল স্থগিত রাখা হয়েছে । উল্লেখ্য- রেল কর্তৃপক্ষ ট্রেন লাইনের উপর থেকে এসব পাথর ও মাটির চাই সরিয়ে ট্র্যাক পরিস্কার করতে ইতিমধ্যে ব্যবস্থা গ্রহণ করেছে । এর পরিপ্রেক্ষিতে  আজ বিকেলের গুয়াহাটি-শিলচর, রঙ্গিয়া-শিলচর, গুয়াহাটি-দুল্লভছড়া, শিলচর-রঙ্গিয়া এক্সপ্রেস ট্রেনগুলি বাতিল করা হয়েছে । এছাড়া দুল্লভছড়া-গুয়াহাটি, নাহারলগুন-শিলচর স্পেশাল ট্রেনও বাতিল করা হয়েছে । এছাড়াও আরো বেশকয়েকটি ট্রেনের যাত্রা সাময়িকভাবে স্থগিত রাখা হয়েছে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানা গেছে ।

--------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা কমিটির পক্ষ থেকে বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী ও ভারতীয় জন সংঘের প্রতিষ্ঠাতা ভারত কেশরী ডক্টর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মৃত্যু দিন আত্ম-বলিদান দিবস হিসেবে পালন করা হয়েছে । এউপলক্ষ্যে সকালে দলীয় কার্য্যলয়ে ডক্টর মূখোপাধ্যায়ের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয়েছে । পরে দলের জেলা সভাপতি সঞ্জীব বণিকের পৌরহিত্যে আয়োজিত সভায় ভারত কেশরী ডক্টর শ্যামাপ্রসাদ মূখোপাধ্যায়ের জীবনের বিভিন্ন দিকে নিয়ে রাজ্যের পশু পালন ও পশু চিকিৎসা , মৎস্য , পূর্ত (গ্রামীন ) বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আলোচনা করেন ।

--------------------------------------------------------------------------------

আন্তর্জাতিক অলিম্পিক দিবস উপলক্ষে আজ তেজপুরের পল ফিল্ডে এক বর্ণাঢ্য কার্যসূচীর আয়োজন করা হয় । কেন্দ্রীয় জলপথ এবং জাহাজ পরিবহন মন্ত্রী সর্বানন্দ সণোয়াল অলিম্পিক শিখা প্রজ্বলন করে এই কার্যসূচীর সূচনা করেন ।এই দিবস

উপলক্ষে আসাম অলিম্পিক সংস্থার উদ্যোগে অলিম্পিক দৌড়ের আয়োজন করা হয় । প্রায় এক হাজার শিক্ষার্থী এই দৌড়ে অংশগ্রহণ করে ।অনুষ্ঠানে রাজ্যের ক্রীড়া ও যুবকল্যাণ মন্ত্রী নন্দিতা গারলোসা , দৌড়বিদ হিমা দাস , লোকসভার সাংসদ রঞ্জিত দত্ত , আসাম অলিম্পিক সংস্থার সাধারণ সম্পাদক লক্ষ্য কোঁওর , সভাপতি লরেন্স ইসলারী প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা আসন্ন অসম ক্রিকেট এসোসিয়েশন অনূর্ধ-১৫ মেয়েদের আন্তঃজেলা ক্রিকেট প্রতিযোগীতা-২০২৫ এর জন্য ১৫ সদস্যের দল ঘোষনা করেছে । দলে কুলসুমা বেগম লস্করকে অধিনায়ক , মাহি দাসকে সহ-অধিনায়ক এবং জিয়াং লিংদোহকে উইকেট রক্ষক হিসেবে দলে অর্ন্তভুক্ত করা হয়েছে । আগামী ২৫শে জুন থেকে কার্বি আংলং এর ডিফুতে আয়োজিত প্রতিযোগীতায় হাইলাকান্দি জেলা দল কার্বি আংলং , শিলচর ও শ্রীভূমি দলের বিরুদ্ধে খেলবে ।

---------------------------------------------------------------------------------